


নং-৪৬.৪২.০০০০.০০০.২০.০০৭.১৫(১). ৪৪৪২

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
২০ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নিবন্ধন পরিদপ্তরের টিসি (ট্যাক্স কালেকশন) শাখার ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেট হতে যুক্তরাজ্যে শিক্ষা সফরের ব্যয় নির্বাহের অনুমতি প্রদান।

সূত্রঃ নিবন্ধন পরিদপ্তর এর স্মারক নং- নিপ/টি.সি-২/১৭/৫৫৩, তারিখঃ ১১/৬/২০১৭।

উন্নত বিশ্বের ভূমি নিবন্ধন পদ্ধতি সম্পর্কে সার্বিক ধারণা অর্জনের জন্য যুক্তরাজ্যে অনুষ্ঠেয় ৭দিন ব্যাপি শিক্ষা সফরের ব্যয় বাবদ নিবন্ধন পরিদপ্তরের ট্যাক্স কালেকশন শাখার বাজেটে দেশ/বিদেশ প্রশিক্ষণ উপখাতে বরাদ্দকৃত ১০.০০ (দশ) কোটি টাকা হতে ১,৪৫,৭২,৫২২/- (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ বায়ান্ডর হাজার পাঁচশত বাইশ) টাকা বিধি মোতাবেক ব্যয়ের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো। বিদেশ ভ্রমণকালে কর্মকর্তাগণকে অর্থ বিভাগের ৯ অক্টোবর, ২০১২ তারিখের অম/অবি/ব্যা:নি:-২/২ (১৯)২০০০-০৪/অংশ-১/২২১ এবং ১৮/২/২০১৬ তারিখের ০৭.১৫২.০৯৯.০০.০০১.২০০৪ (অংশ-১)-১৬১ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি প্রদান করতে হবে।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

মহাপরিদর্শক, নিবন্ধন
নিবন্ধন পরিদপ্তর
১৪, আব্দুল গণি রোড, ঢাকা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।